বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ

নম্বর: ৩৭.০১.০০০০.১৩১.৪১.০০৬.২১.৫৫৯

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:
রেজিস্ট্রার, প্রেসিডেন্সী ইউনিভার্সিটি ১১/এ, রোড নং- ৯২, গুলশান-২, ঢাকা- ১২১২।

বিষয়: **Bachelor of Laws [L.L.B (Honours)] শীর্ষক প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: ...

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ২৪(৩) ধারা মোতাবেক আপনার বিশ্ববিদ্যালয়ের School of Law এর অধীনে Department of Law and Justice এর আওতায় পরিচালনার জন্য Bachelor of Laws [L.L.B (Honours)] শীর্ষক প্রোগ্রাম ও এর কারিকুলাম নিম্নোক্ত শর্তে পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদন প্রদান করা হলো:

১) ১৪৫ (একশত পঁয়তাল্লিশ) ক্রেডিট আওয়ারস সংবলিত উক্ত প্রোগ্রামের কারিকুলামে যেকোনো ধরণের পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। কমিশন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ডিগ্রি টাইটেল-এর কোনো প্রকার পরিবর্তন করা যাবে না। প্রোগ্রামটি অবশ্যই প্রেসিডেন্সী ইউনিভার্সিটি ১১/এ, রোড নং- ৯২, গুলশান-২, ঢাকা- ১২১২ ঠিকানাস্থ ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোন ক্যাম্পাসে পরিচালনা করা যাবে না।

২) প্রোগ্রামটি অবশ্যই Dual Semester ভিত্তিতে পরিচালনা করতে হবে। প্রোগ্রামটিতে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। প্রোগ্রামটিতে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কমিশন প্রণীত ইউনিক শিক্ষার্থী পরিচিতি নম্বর সৃজন সংক্রান্ত ম্যানুয়াল এর ভিত্তিতে একটি পরিচিতি নম্বর প্রদান করতে হবে এবং প্রোগ্রাম/কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত আইডি/রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে। বিশ্ববিদ্যালয় প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত আইডি/রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকতে হবে।

৩) প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং পদ্ধতিতে পরিচালনা করা যাবে না।

৪) কমিশন কর্তৃক অনুমোদিত প্রোগ্রামে/কোর্সে কোন শিক্ষার্থীকে ভর্তি করার ক্ষেত্রে কমিশন প্রণীত নির্ধারিত ভর্তির যোগ্যতা ও নীতিমালা অনুসরণ করতে হবে।

৫) প্রোগ্রামটি পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। পূর্ণকালীন কোনো শিক্ষককে কোনো সেমিস্টারে ৩-৪ (তিন থেকে চার) টির বেশি কোর্স দেয়া যাবে না।যে সকল শিক্ষক প্রশাসনিক দায়িত্ব বা বিশ্ববিদ্যালয়ের অন্য কোন অতিরিক্ত দায়িত্ব যেমন ডিন, পরিচালক বা এরূপ দায়িত্ব পালন করবেন তাদেরকে কোনক্রমেই ৩টির বেশি কোর্স দেওয়া যাবে না। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষককে খন্ডকালীন হিসেবে নিয়োগ দেয়ার ক্ষেত্রে ইউজিসি প্রণীত নীতিমালা/ নির্দেশিকা অনুসরণ করতে হবে।

৬) সেমিস্টার/ব্যাচ সংখ্যা বৃদ্ধির সাথে সাথে টিচিংলোড ক্যালকুলেশনপূর্বক শিক্ষক সংখ্যা বৃদ্ধি করে কমিশনকে অবহিত করতে হবে।

৭) শিক্ষকদের ০৪ (চার) টি ধাপ (প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, অধ্যাপক) অনুসরণ করতে হবে এবং কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে কোনো শিক্ষককে নিয়োগ/ পদোন্নতি দেয়া যাবে না। এছাড়াও, **বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৫(৩) অনুযায়ী প্রোগ্রামটির খন্ডকালীন শিক্ষক-সংখ্যা পূর্ণকালীন শিক্ষক-সংখ্যার এক-তৃতীয়াংশের**

বেশী হওয়া যাবে না।

৮) বর্ণিত প্রোগ্রামে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।

৯) কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন গ্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে।

১০) লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং প্রতি বছর নতুন সংস্করণ আসলে তা লাইব্রেরিতে সংগ্রহ করতে হবে। এছাড়াও ইউজিসি ডিজিটাল লাইব্রেরির (ইউডিএল) সদস্য হতে হবে (ইতোমধ্যে হয়ে থাকলে আর প্রয়োজন হবে না)।

১১) অনুমোদিত কারিকুলামটি (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে।

১২) প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনসহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট বিভাগের ওয়েবপেইজে সার্বক্ষণিক প্রকাশ করতে হবে।

১৩) কারিকুলামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে এবং পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লিখিত মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পূর্বেই কারিকুলামটি পুনরায় আপডেট করে অনুমোদনের জন্য কমিশনে প্রেরণ করতে হবে।

১৪) প্রোগ্রাম পরিচালনার জন্য কমিশনের নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষক সংখ্যার ঘাটতি থাকলে কমিশন উক্ত প্রগ্রামের অনুমোদন বাতিল/স্থগীত বা আসন সংখ্যা হ্রাস করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৫) শিক্ষার্থীদের দেশীয় এবং আন্তর্জাতিক চাকুরীর বাজারের উপযোগী করে গড়ে তুলতে বিশেষভাবে নজর রাখতে হবে। সরকারি, বেসরকারি এবং বহুজাতিক প্রতিষ্ঠানে চাকুরিতে যেন গ্রাজুয়েটেরা প্রবেশ করতে পারে ও চাকুরীপ্রাপ্ত গ্রাজুয়েটদের হালনাগাদ প্রতিবেদন সংরক্ষণ করতে হবে এবং কমিশনে তা প্রেরণ করতে হবে।

১৬) উক্ত প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তিতে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৯(৪) ধারা অনুযায়ী সংরক্ষিত আসন সংখ্যা উল্লেখপূর্বক উক্ত আসনে মুক্তিযোদ্ধাদের সন্তান এবং মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থীদের কোটায় ভর্তির জন্য বিশেষ অনুচ্ছেদ যুক্ত করতে হবে এবং প্রাপ্ত আবেদনসমূহ থেকে উক্ত সংরক্ষিত আসনসমূহ পূরণ করতে হবে।

১৭) উপরোক্ত শর্তাদির যে কোনটির ব্যত্যয় হলে কমিশন উক্ত সময়ের পূর্বে প্রোগ্রামটির অনুমোদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৫-০৬-২০২৪
মোঃ ওমর ফারুখ
পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

নম্বর:

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, বার কাউন্সিল ভবন, ৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, শাহবাগ, ঢাকা;
২। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪। সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৫। ব্যক্তিগত কর্মকর্তা ( পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং

৬। কম্পিউটার অপারেটর, বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

০৫-০৬-২০২৪
মোঃ রোকনুজ্জামান
উপ-পরিচালক (একাডেমিক)